# ব্রাহ্মণবাড়িয়ায় পুকুরে গোসল নিয়ে রাতে দুই গ্রামের সংঘর্ষ



সংগৃহীত ছবি

ব্রাহ্মণবাড়িয়ার সরাইল উপজেলায় পুকুর ব্যবহার নিয়ে দুই গ্রামের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। রাতের আঁধারে টর্চ জ্বালিয়ে দেশীয় অস্ত্র ও বল্লম ব্যবহার করে হামলায় উভয় পক্ষের অন্তত ৩০ জন আহত হয়েছেন। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে এনেছে এবং এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

ব্রাহ্মণবাড়িয়ার সরাইল উপজেলার ছোট দেওয়ানপাড়া ও হাওলাপাড়া গ্রামের মধ্যে শুক্রবার (১৭ অক্টোবর) রাতে পুকুরে গোসল নিয়ে বিরোধের জেরে ভয়াবহ সংঘর্ষ ঘটেছে। এতে উভয় গ্রামের অন্তত ৩০ জন আহত হয়েছেন।

স্থানীয়রা জানান, দুপুরে হাওলাপাড়া গ্রামের যুবক তাইম ও তার বন্ধুরা দেওয়ানপাড়ার শাকিলদের পুকুরে গোসল করতে গেলে শাকিল ও শিপনসহ কয়েকজন তাদের মারধর করেন। বিষয়টি ছড়িয়ে পড়ার পর রাতের অন্ধকারে দুই গ্রামের লোকজন দেশীয় অস্ত্র, টেঁটা ও বল্লম নিয়ে একে অপরের উপর হামলা চালায়। তারা টর্চ লাইট জ্বালিয়ে একে অপরকে লক্ষ্য করে ইট-পাটকেল নিক্ষেপ করে।

সংঘর্ষের ফলে আহতদের স্থানীয়ভাবে চিকিৎসা দেওয়া হয়েছে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে এনেছে এবং ভবিষ্যতে সংঘর্ষ এড়াতে এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করেছে। আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে।

LENS ASIA